

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	হাসান মাহমুদ, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, রেলপথ মন্ত্রণালয়
তারিখ	:	০৭ ফেব্রুয়ারি ২০২৩
সময়	:	সকাল ১১:০০ টা
স্থান	:	রেলভবনস্থ ৯ম তলা (কক্ষ নং-৯১০)
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করেন। টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী গত ০৭ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে সভার আলোচ্যসূচী অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং গৃহীত কর্মপরিকল্পনার অগ্রগতির ওপর বিস্তারিত আলোচনা করা হয়।


০২। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.১.১ অনুযায়ী সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। ইনোভেশন টিমের ৪র্থ সভায় বাছাইকৃত ০২ (দুই) টি উদ্ভাবনী ধারণার মধ্যে মহাব্যবস্থাপক(পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তাবিত “Wireless communication & switching device for warning bell & flasher at manned/unmanned gate” শিরোনামের ধারণাটির পাইলটিং সম্পন্ন হয়েছে এবং ডিএসই (সদর), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী- কর্তৃক প্রস্তাবিত “ স্টেশনে ট্রেন ইনফরমেশন ডিসপ্লে সিস্টেম” শিরোনামক ধারণাটির বাস্তবায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।	গত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাবিত ধারণাটি বাস্তবায়নের জন্য মহাব্যবস্থাপক(পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে-কে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং অপর ধারণাটি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে উদ্ভাবক ডিএসই (সদর), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী-কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয় ও উদ্ভাবকগণ।
২	সদস্য সচিব সভায় জানান যে, ইনোভেশন খাতে রেলপথ মন্ত্রণালয়ের ১০.০০ (দশ) লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কর্মসম্পাদন সূচকের মান ৩ (তিন) নির্ধারণ করা হয়েছে। তাছাড়া রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয় “রেলভবনসহ গুরুত্বপূর্ণ রেলস্টেশনে ডিজিটাল ইনফরমেশন কিয়স্ক স্থাপন”-এর বিষয়ে ইতিপূর্বে পরামর্শ প্রদান করেন মর্মে সভায় অবহিত করা হয়।	বরাদ্দকৃত বাজেট/অর্থ ব্যয়ে কর্মসম্পাদন সূচকের মান অর্জনে ৫ টি ডিজিটাল ইনফরমেশন কিয়স্ক প্রশাসন অনুবিভাগের মাধ্যমে ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	প্রশাসন অনুবিভাগ

৫/

৩	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	আগামী মার্চ/২০২৩ এর মধ্যে দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
---	---	--	---------------------------------

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(হাসান মাহমুদ)

যুগ্মসচিব

ও

চীফ ইনোভেশন অফিসার

রেলপথ মন্ত্রণালয়।